



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/18/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল নভেম্বরে অতিরিক্ত খাদ্য সহায়তার জন্য 234 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

সকল SNAP গৃহস্থালি নভেম্বরে সর্বোচ্চ পর্যায়ের খাদ্য ভাতা পাবে

সম্পূরক খাদ্য ভাতা ফেব্রুয়ারি পর্যন্ত অব্যাহত থাকবে বলে আশা করা যাচ্ছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচিতে (Supplemental Nutrition Assistance Program, SNAP) নাম লেখানো সকল নিউ ইয়র্কবাসী নভেম্বরে সর্বোচ্চ বিধিসঙ্গত পর্যায়ের খাদ্য ভাতা পাবে। SNAP-এ অংশগ্রহণকারী সকল গৃহস্থালি, যার মধ্যে ইতিমধ্যে সর্বোচ্চ পর্যায়ের ভাতা পাচ্ছে যারা তারাও অন্তর্ভুক্ত, এই মাসে একটি সম্পূরক বরাদ্দ পাবে, যার ফলে নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতিতে আনুমানিক 234 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিল যুক্ত হবে।

"SNAP নিউ ইয়র্কবাসীদের মধ্যে খাদ্য অনিরাপত্তার সমাধান করার জন্য আমাদের অন্যতম ব্যবস্থাগুলির একটি, বিশেষ করে তাদের জন্য যারা এখনো মহামারীর ফলে সৃষ্ট অর্থনৈতিক বিপর্যয়ের জন্য কষ্টে আছে," **গভর্নর হোকল বলেন।** "এই তহবিলগুলি নিউ ইয়র্কবাসীদেরকে নিজেদের এবং নিজেদের পরিবারের জন্য স্বাস্থ্যকর, পুষ্টিকর খাদ্য কিনতে সাহায্য করবে, এবং একইসাথে গৃহস্থালির অন্যান্য প্রয়োজনের জন্য সংস্থান সাশ্রয় করবে।"

জরুরি সহায়তা সম্পূরক সকল গৃহস্থালিকে প্রদান করা হবে, যারা সাধারণভাবে প্রতি সর্বোচ্চ বিধিসঙ্গত মাত্রার SNAP ভাতা পাচ্ছে তাদেরসহ, SNAP একটি ফেডারেলভাবে অর্থায়িত কর্মসূচি যার তত্ত্বাবধান করে নিউ ইয়র্ক স্টেটের অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিস (New York State Office of Temporary and Disability Assistance, OTDA)। যেসব পরিবার ইতোমধ্যে সর্বোচ্চ মাত্রার সুবিধার কাছাকাছি বা সেই স্তরে রয়েছে - চার সদস্যের একটি পরিবারের জন্য 939 ডলার - তারা কমপক্ষে 95 ডলারের সম্পূরক পেমেন্ট পাবে।

নিউ ইয়র্ক সিটির বাইরে সকল কাউন্টির SNAP গৃহস্থালি 23 নভেম্বর, বুধবারের মধ্যে অতিরিক্ত ভাতা যুক্ত হতে দেখতে পারবে। নিউ ইয়র্ক সিটি অঞ্চলের পাঁচ-কাউন্টির গৃহস্থালিগুলি 28 নভেম্বর, সোমবারের মধ্যে অতিরিক্ত ভাতা যুক্ত হতে দেখতে পারবে।

OTDA জরুরি সম্পূরক ভাতা প্রদান শুরু করে 2020 সালের এপ্রিল থেকে, যেই SNAP গৃহস্থালিগুলি সর্বোচ্চ পরিমাণের কম মাসিক ভাতা পাচ্ছে তাদের জন্য। যখন নিউ ইয়র্ক স্টেটের জরুরি ঘোষণার মেয়াদ 2021 সালের জুন মাসে শেষ হয়ে যায়, এজেন্সি তখন সফলভাবে ফেডারেল সরকারের সাথে কাজ করে সকল SNAP গৃহস্থালির জন্য ফেডারেল জনস্বাস্থ্য জরুরি ঘোষণার মেয়াদ শেষ হওয়ার আগ পর্যন্ত, যা জানুয়ারি পর্যন্ত বাড়ানো হয়েছে, সর্বোচ্চ বরাদ্দ নিশ্চিত করতে পেরেছে যা OTDA-কে ফেরয়ারি পর্যন্ত এই ভাতা প্রদান করা অব্যাহত রাখতে দিবে।

নিউ ইয়র্কবাসীরা SNAP-র উপর ব্যাপকভাবে নির্ভর করে যাচ্ছে, সেপ্টেম্বরে কর্মসূচিতে 1.6 মিলিয়ন গৃহস্থালি, যেখানে 2.8 মিলিয়ন নিউ ইয়র্কবাসী রয়েছে, নাম লিখিয়েছে। যদিও স্টেটব্যাপী SNAP প্রাপকের আগস্ট মাসের তুলনায় সামান্য কম ছিলো, 2021 সালের সেপ্টেম্বরের তুলনায় তা 2.5 শতাংশ বেশি ছিলো, যা এই অতি গুরুত্বপূর্ণ ভাতার অব্যাহত চাহিদা স্পষ্ট করে।

নিউ ইয়র্ক স্টেটের অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিসের কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিয়েটজ বলেন, "আমরা নিউ ইয়র্ক স্টেটের সকল SNAP প্রাপকদের জন্য মাসিক ভাতা সর্বোচ্চ করতে আমাদের ফেডারেল অংশীদারদের সাথে কাজ করে আনন্দিত। এটি হাজার হাজার পরিশ্রমী নিউ ইয়র্কবাসীদের সাহায্য করবে যারা নিজেদের পরিবারকে স্বাস্থ্যকর এবং ভালো খাওয়ানোর ব্যবস্থা করার জন্য টেবিলে খাবার আনতে হিমশিম খাচ্ছে।"

প্রতিনিধি জো মোরেল বলেন, "আমাদের দায়িত্ব হলো পরিবারগুলি যাতে নিজেদের শিশুদের প্রয়োজন পূরণ করতে পারে এবং তাদের টেবিলে খাবারের ব্যবস্থা করতে পারে তা নিশ্চিত করা। আমি নিউ ইয়র্ক বাসীদের জন্য জরুরি সম্পূরক SNAP ভাতার সময় বৃদ্ধি করার মাধ্যমে দারিদ্র্যের চক্র ভেঙ্গে ফেলতে গভর্নর হোকলের প্রয়াসের প্রশংসা করছি। আমি আমাদের একত্রে কাজ অব্যাহত রাখতে উন্মুখ যাতে স্বাস্থ্যকর বিভিন্ন খাবার পাওয়ার সুযোগ বৃদ্ধি করতে পারি এবং আমাদের সম্প্রদায়ের ভবিষ্যৎ মজবুত করতে পারি।"

SNAP নিউ ইয়র্কের চলমান অর্থনৈতিক পুনরুদ্ধারে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং এটি জানুয়ারি থেকে স্টেটের অর্থনীতিতে 2 বিলিয়ন মার্কিন ডলার যোগ করেছে। SNAP দ্বারা বিনিয়োগ করা প্রতিটি ফেডারেল মার্কিন ডলার 1.54 মার্কিন ডলার পর্যন্ত অর্থনৈতিক কর্মকাণ্ড সৃষ্টি করে, [একটি ফেডারেল গবেষণা](#) অনুযায়ী যা মার্কিন অর্থনীতিতে SNAP-র প্রভাব সংখ্যায় প্রকাশ করে।

এই সম্পূরক ভাতাগুলিও অভাবী নিউ ইয়র্কবাসীদের জন্য একটি অতি গুরুত্বপূর্ণ লাইফলাইন, যেহেতু গত বছর স্টেটের জনসংখ্যার প্রায় 14 শতাংশ SNAP ভাতার উপর নির্ভরশীল ছিলো, [একটি সাম্প্রতিক গবেষণা](#) অনুযায়ী। গ্রহীতা পরিবারগুলোর মধ্যে অর্ধেকেরও বেশি সংখ্যক পরিবারে শিশুরা ছিল এবং প্রায় 48 শতাংশ পরিবারে 55 বছরের বেশি বয়সী অথবা একজন প্রতিবন্ধী প্রাপ্তবয়স্ক ব্যক্তি ছিল।

আগের মাসগুলিতে, পেমেন্টগুলি সরাসরি প্রাপকের বিদ্যমান ইলেকট্রনিক বেনেফিট ট্রান্সফার (EBT) অ্যাকাউন্টে প্রদান করা হয়েছিল এবং যা তাদের বিদ্যমান EBT কার্ড দিয়ে অ্যাক্সেস করা

যাবে। নিয়মিত SNAP ভাতার মতো, সম্পূরক ভাতাও অনুমোদিত খুচরা খাদ্য দোকান থেকে খাদ্য ক্রয়ের জন্য ব্যবহার করা যাবে। সকল অব্যবহৃত SNAP ভাতা স্বয়ংক্রিয়ভাবে পরবর্তী মাসে যোগ হবে।

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলির উত্তরসহ জরুরি সম্পূরক SNAP সুবিধাসমূহ সম্পর্কে আরো তথ্য [এখানে](#) পাবেন। তালিকাভুক্ত হতে আগ্রহী নিউ ইয়র্কবাসীরা mybenefits.ny.gov ওয়েবসাইটে ভিজিট করে SNAP-এর জন্য তাদের উপযুক্ততা চেক করতে পারবেন এবং অনলাইনে আবেদন করতে পারবেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418